**RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA**

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2017**

**FIRST YEAR (BATCH 2017-20)**

Date : 20/12/2017 **BENGALI (General)**

Time : 11am – 2pm Paper : I Full Marks : 75

১। কারণ উল্লেখ করে অশুদ্ধ বানান শুদ্ধ করে লেখো (**যে কোনো পাঁচটি**)ঃ (৫ × ৪)

পরিশেস, পরিনাম, হরিণাম, ছন্দলিপি, প্রতিতি, বনোষধি, সর্ব্বোচ্চ, বর্ন, বোধদয়, তদ্গত।

২। অনধিক **৪০টি** শব্দে সম্পূর্ণ নিজের ভাষায় শুদ্ধ বাক্যে ও শুদ্ধ বানানে যে কোনো **একটি** অনুচ্ছেদের সারাংশ রচনা করো। শিরোনাম দেওয়ার প্রয়োজন নেই। (১ × ১০)

ক) যদি বল ও কথা বেশ; তবে বাঙ্গালা দেশের স্থানে স্থানে রকমারি ভাষা, কোন্‌টি গ্রহণ করব? প্রাকৃতিক নিয়মে যেটি বলবান হচ্ছে এবং ছড়িয়ে পড়ছে, সেইটিই নিতে হবে। অর্থাৎ কলকেতার ভাষা। পূর্ব- পশ্চিম, যে দিক্ হতেই আসুক না, একবার কলকেতার হাওয়া খেলেই দেখছি সেই ভাষাই লোকে কয়। তখন প্রকৃতি আপনিই দেখিয়ে দিচ্ছেন যে, কোন্ ভাষা লিখতে হবে, যত রেল এবং গতাগতির সুবিধা হবে তত পূর্ব-পশ্চিমী ভেদ উঠে যাবে এবং চট্টগ্রাম হ'তে বৈদ্যনাথ পর্যন্ত ঐ কলকেতার ভাষাই চলবে। কোন্ জেলার ভাষা সংস্কৃতর বেশি নিকট, সে কথা হচ্ছে না - কোন্ ভাষা জিতছে সেইটি দেখ।

খ) কাব্যচর্চা না করলে মানুষে জীবনের একটা বড়ো আনন্দ থেকে স্বেচ্ছায় বঞ্চিত হয়। এ আনন্দের ভাণ্ডার সর্বসাধারণের ভোগের জন্য সঞ্চিত রয়েছে। সুতরাং কোনো সভ্যজাতি কস্মিন্‌কালে তার দিকে পিঠ ফেরায়নি; এ দেশেও নয়, বিদেশেও নয়। বরং যে জাতির যত বেশি লোক যত বেশি বই পড়ে, সে জাতি যে তত সভ্য, এমন কথা বললে বোধ হয় অন্যায় কথা বলা হয় না। নিদ্রা-কলহে দিনযাপন করার চাইতে কাব্যচর্চায় কালাতিপাত করা যে প্রশংসনীয়, এমন কথা সংস্কৃতেই আছে।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। (১ × ১০)

ক বাংলা গদ্য সাহিত্যে বিবেকানন্দের অবদান আলোচনা করো।

খ) মুদ্রিত আকারে বাংলা গদ্যের প্রসারে শ্রীরামপুর মিশনের লেখক গোষ্ঠীর ভূমিকা আলোচনা করো।

৪। যে কোনো **একটি** বিষয়ে টীকা লেখো। (১ × ৫)

ক) বেতাল পঞ্চবিংশতি খ) চারুপাঠ

৫। যেকোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও। (২ × ১০)

ক) ঈশ্বর গুপ্তের কবিত্ব শক্তির বৈশিষ্ট্যগুলি উদ্ধৃতিসহ আলোচনা করো।

খ) বাংলা উপন্যাস সাহিত্যের ইতিহাসে বঙ্কিমচন্দ্রের গুরুত্ব আলোচনা করো।

গ) বাংলা কাব্যধারায় বিহারীলালের অবদান ও গুরুত্ব আলোচনা করো।

ঘ) বাংলা নাটক সাহিত্যে গিরিশচন্দ্র ঘোষের নাটক রচনার যে বৈচিত্র্যের পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

৬। যে কোনো **দুটি** বিষয়ে টীকা লেখো। (২ × ৫)

ক) পদ্মিনী উপাখ্যান খ) রৈবতক

গ) নীলদর্পন ঘ) বীরাঙ্গনা

——————— × ———————